

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬১০  
মোহনপুর, ১৮ জানুয়ারি, ২০২৪

মোহনপুর পঞ্চায়েত সমিতির সাধারণ সভায় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী  
গ্রাম উন্নয়ন পরিকল্পনা তৈরী করে ব্লকের উন্নয়নে গুরুত্ব দিতে হবে

রাজ্যের অর্থনৈতিক বিকাশ ও জনগণের কল্যাণে কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প রূপায়িত হচ্ছে। এসমস্ত প্রকল্পের সুবিধা প্রাপ্তিক জনপদের অস্তিম ব্যক্তির কাছে পৌঁছে দিতে সরকারি দপ্তরগুলিকে দায়িত্ব নিয়ে কাজ করতে হবে। এই কাজে জনপ্রতিনিধি ও সরকারি আধিকারিকদের মধ্যে সমন্বয় থাকতে হবে। আজ মোহনপুর পঞ্চায়েত সমিতির সাধারণ সভায় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। সভায় কৃষিমন্ত্রী বলেন, গ্রাম উন্নয়ন পরিকল্পনা তৈরী করে ব্লকের উন্নয়নে গুরুত্ব দিতে হবে। সভায় উপস্থিত ছিলেন মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রীনা দেববর্মা, ভাইস চেয়ারম্যান রাকেশ দেব, ব্লকের বিডিও ধৃতি শেখর রায়, পঞ্চায়েত সমিতির সদস্য-সদস্যগণ, ব্লকের বিভিন্ন গ্রামপঞ্চায়েতের প্রধান, উপপ্রধান ও সচিবগণ। সভায় বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের উন্নয়ন কর্মসূচির চিত্র তুলে ধরেন।

\*\*\*\*\*